

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পাট-০২)- ৫৫৫৬

তারিখ: ১৫/০৫/২০২২ বঙ্গাব্দ
০২/০৫/২০২২ খ্রিস্টাব্দ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আগস্ট-২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি: ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাইন উদ্দিন, বিএসপি, এনডিসি, পিএসসি, জি, এমফিল

মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

তারিখ : ১৪/০৮/২০২২ খ্রিঃ।

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা “পরিশিষ্ট-ক”।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অধিদপ্তরের সকল পরিচালক, প্রকল্প পরিচালক, উপপরিচালক (সদর দপ্তর) ও ঢাকা, অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স, সহকারী পরিচালক (সদর দপ্তর) ও ঢাকাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনা সাপেক্ষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র. নং	বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১.	১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন	১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবসে ভিডিওআইপি নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ প্রণীত কর্মসূচি অনুযায়ী সুষ্ঠু ও সুন্দরভাবে পালন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। জাতীয় শোক দিবস পালন বিষয়ে কোন প্রকারের শৈথিল্য প্রদর্শন করা যাবে না;	পরিচালক ও উপপরিচালক (সকল)
২.	ফায়ার স্টেশনের জমির বিষয়ে আলোচনা	কক্সবাজার জেলায় নতুন ফায়ার স্টেশন স্থাপন করার লক্ষ্যে জমি অধিগ্রহণ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে;	পরিচালক (পঃ উঃ প্রঃ)
৩.	খেলার সামগ্রীর জন্য অর্থ বরাদ্দ প্রসঙ্গে	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের প্রত্যেকটি ফায়ার স্টেশনের খেলার সামগ্রী ক্রয়ের অর্থ বরাদ্দ প্রদান করার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বরাবর চিঠি প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়;	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
৪.	অগ্নিনির্বাপণ ও উদ্ধার সরঞ্জাম	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন সকল ফায়ার স্টেশনে অগ্নিনির্বাপণ ও উদ্ধার কার্যক্রমের জন্য প্রয়োজনীয় সংক্রান্ত ফায়ার স্যুট, ব্রিডিং এপারেটাস অন্যান্য অনুষঙ্গিক সরঞ্জাম প্রত্যেক ফায়ারফাইটারদের জন্য মজুদ রাখতে হবে;	পরিচালক (সকল)
৫.	ডুবুরী নিয়োগ সংক্রান্ত	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগে ডুবুরী নিয়োগ প্রদানের পূর্বে চেম্বার টেস্ট গ্রহণ করার অনুমতির জন্য মন্ত্রণালয় বরাবর চিঠি প্রদান করতে হবে;	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
৬.	শেড নির্মাণ	খিলগাঁও ফায়ার স্টেশনে পরিত্যক্ত জমিতে গাড়ি/ইকুইপমেন্ট রাখার জন্য বড় পরিসরে শেড নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;	পরিচালক (প্রশাঃ ও অর্থ) এবং (পঃ উঃ প্রঃ)
৭.	আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগ সংক্রান্ত	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন যেসকল স্থানে অগ্নিনির্বাপণের জলযান রয়েছে সেগুলো সর্বদা সচল, রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য আউট সোর্সিং এর মাধ্যমে প্রত্যেক বিভাগে ০৩ জন করে মোট ২৪ জন মেকানিক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;	পরিচালক (প্রশাসন ও অর্থ)
৮.	অধিগ্রহণকৃত জমি নামজারি করা ও রেকর্ড সংশোধন	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের জন্য অধিগ্রহণকৃত জমি “মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স” নামে নামজারির ব্যবস্থা করতে হবে। ফায়ার সার্ভিসের কোন জমি অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে ইতোমধ্যে রেকর্ড হয়ে থাকলে রেকর্ড সংশোধনের জন্য আপত্তি/মামলা দায়ের করতে হবে;	পরিচালক (পঃ উঃ প্রঃ) ও প্রকল্প পরিচালক (সকল)
৯.	বিভাগীয় মামলা নিষ্পত্তি	বিভাগীয় মামলাসমূহ যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক করে দ্রুততার সাথে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
১০.	পেনশন কেইস নিষ্পত্তি	পেনশন কেইস নিষ্পত্তিতে অধিদপ্তরের অর্জিত সুনাম বজায় রাখতে হবে। কল্যাণ কর্মকর্তাকে আরো উদ্যোগী হয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক অনিষ্পন্ন পেনশন কেইসগুলো দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে;	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
১১.	অডিট আপত্তি নিষ্পত্তিকরণ	২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০২০-২১ অর্থবছরের অডিট আপত্তিগুলি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;	পরিচালক (প্রশাঃ ও অর্থ)